# ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ

## TRAINING INSTITUTE FOR CHEMICAL INDUSTRIES

(Central Training Institute of Bangladesh Chemical Industries Corporation)

# শিক্ষানবিশ পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং-৩৬.০১.৬৮৬৩.৭৩৬.০৭.০০৫.২৫/১০৩ তারিখ ১৮.০৩.২০২৫ খ্রি.

দেশ-বিদেশে ভারী শিল্প প্রতিষ্ঠানের জন্য দক্ষ জনশক্তি গড়ে তোলার উদ্দেশ্যে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) এ প্রশিক্ষণের জন্য ভারী শিল্প কারখানার কাজের উপযোগী **শিক্ষানবিশ গ্রেড-২** নিয়োগের নিমিত্তে বাংলাদেশের **স্থায়ী অবিবাহিত পুরুষ** নাগরিকদের নিকট হতে **অনলাইনে** দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনের যোগ্যতা, শর্তাবলী এবং নিয়মাবলী নিম্নে দেয়া হলোঃ

| ক্রম | পদের নাম | পদসংখ্যা (কম বেশি) | মাসিক ভাতা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | শিক্ষানবিশ গ্রেড-২ (অপারেটর) | ২৪৯ | উপস্থিতির ভিত্তিতে জনপ্রতি মাসে সর্বসাকুল্যে ৳ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা মাত্র | বয়স ২৬.০১.২০২৫ খ্রি. তারিখে সর্বোচ্চ ২৩ (তেইশ) বৎসর এবং সর্বনিম্ন ১৮ (আঠারো) বৎসর। | স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এসএসসি (পদার্থবিদ্যা, রসায়ন, গণিত) এবং এইচএসসি (পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতসহ) উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০ অথবা স্বীকৃত কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) [(কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেনেন্স/ইলেকট্রনিক কন্ট্রোল ও কমিউনিকেশন)] এ কমপক্ষে জিপিএ ৩.০। |
| ২ | শিক্ষানবিশ গ্রেড-২ টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল টেকনোলজি) | ৯৯ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/ এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) (ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |
| ৩ | শিক্ষানবিশ গ্রেড-২ টেকনিশিয়ান (মেকানিক্যাল/ মেশিন টুলস টেকনোলজি) | ২০১ | ঐ | ঐ | কৃত শিক্ষাপ্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/ এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(মেকানিক্যাল/মেশিন টুলস)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |
| ৪ | শিক্ষানবিশ গ্রেড-২ টেকনিশিয়ান (অটোমোবাইল/ রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশন টেকনোলজি) | ৪৬ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/ এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(অটোমোবাইল/রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশন)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |
| ৫ | শিক্ষানবিশ গ্রেড-২ টেকনিশিয়ান (ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন টেকনোলজি) | ৬৭ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/ এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |
| ৬ | শিক্ষানবিশ গ্রেড-২ (টেকনিশিয়ান) ড্রাফটিং এন্ড সিভিল/উড ওয়ার্কিং টেকনোলজি) | ২৭ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/ এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(ড্রাফটিং এন্ড সিভিল/উড ওয়ার্কিং/বিল্ডিং কন্সট্রাকশন এন্ড মেইনটেনেন্স)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |

সমকাল

**সাধারণ শর্তাবলী:**

০১. টেলিটকের Web address: http://tici.teletalk.com.bd এর মাধ্যমে আগামী ২৪ মার্চ, ২০২৫ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকা থেকে অনলাইনে নিয়মাবলী অনুসরণ করে আবেদন ফরম পূরণ করা যাবে। নিয়মাবলী অনুসরণ করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটক বাংলাদেশ লিমিটেডের কমিশন ও ভ্যাট ০৬ (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা আবেদন করার ৭২ ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে টেলিটকে ফি জমা দিতে হবে। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি ও নিয়মাবলী বিসিআইসি'র ওয়েবসাইট www.bcic.gov.bd, টিআইসিআই এর ওয়েবসাইট www.tici.gov.bd এবং http://tici.teletalk.com.bd এ পাওয়া যাবে। অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ২০ এপ্রিল, ২০২৫ খ্রি. তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।

০২. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৩. আবেদনকারীকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৪. নির্বাচিত প্রশিক্ষণার্থীকে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই), পলাশ, নরসিংদী এর নিয়ন্ত্রণে ন্যূনতম ১২ (বার) মাস প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। তন্মধ্যে প্রশিক্ষণার্থীকে ইন-প্ল্যান্ট প্রশিক্ষণ গ্রহণের জন্য দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ভারী শিল্প প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।

০৫. প্রশিক্ষণকালীন অসদাচরণ/অশোভন আচরণ, টিআইসিআই/বিসিআইসির নিয়ম-শৃঙ্খলা ভঙ্গের দায়ে এবং প্রশিক্ষণের অনগ্রসরতা পরিলক্ষিত হলে যে কোন সময় সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর/শিক্ষানবিশির অবসান ঘটানো হবে।

০৬. প্রশিক্ষণ কোর্স শেষে অনুষ্ঠিত চূড়ান্ত মূল্যায়নে সফলতার সাথে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীকে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ক্ষেত্রের উপর সনদপত্র প্রদান করা হবে।

০৭. প্রশিক্ষণ কোর্সে সফলভাবে সমাপনের পর প্রশিক্ষণার্থীগণ দেশে-বিদেশে বিভিন্ন ভারী শিল্প প্রতিষ্ঠানে চাকরির যোগ্যতা অর্জন করবেন এবং সংস্থাধীন কারখানাসমূহে নির্ধারিত পদে নিয়োগ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা অর্জিত হয়েছে বলে বিবেচিত হবে।

০৮. প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ হওয়া কোনভাবেই সংস্থাধীন কারখানাসমূহে চাকুরির নিশ্চয়তা প্রদান করে না।

০৯. শিক্ষানবিশ নির্বাচন/নিয়োগের ক্ষেত্রে কোনরূপ সুপারিশ অথবা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে ।

১০. বিসিআইসি/সরকারী নিয়ম ও বিধি অনুযায়ী শিক্ষানবিশ নির্বাচন কার্যক্রম সম্পাদন করা হবে।

১১. লিখিত পরীক্ষার ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের শুধুমাত্র মৌখিক/ফিটনেস পরীক্ষার সময় অনলাইন আবেদনে প্রদত্ত তথ্য অনুযায়ী সকল মূল সনদপত্র/প্রত্যায়ন পত্র সঙ্গে আনতে হবে। এছাড়া সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরম এর অনুরূপ তথ্য ফরম পূরণ করে এর সাথে (ক) অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের Applicant's Copy এর রঙিন প্রিন্ট কপি (খ) প্রবেশপত্র (রঙ্গিন) (গ) আবেদনে উল্লিখিত সকল সনদ/কাগজাদি (ঘ) সদ্যতোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ঙ) নিজ জেলার পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র অথবা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (চ) চারিত্রিক সনদপত্র ও (ছ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে) জমা দিতে হবে। ছবিসহ সকল ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড/সংস্থার ব্যবস্থাপক বা তদূর্ধ্ব পদের অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

১২. অনলাইনে আবেদনপত্র পূরণ করার সময় প্রযোজ্য ক্ষেত্রে পদার্থ, রসায়ন ও গণিত এর নির্দিষ্ট ঘরে প্রত্যেক বিষয়ে CGPA উল্লেখ করতে হবে ।

১৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

১৪. ভবিষ্যতে কোন তথ্য ভুল প্রমাণিত হলে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং বয়স সংক্রান্ত এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১৫. নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. কোন প্রতিবন্ধী এ পদের জন্য আবেদনের যোগ্য হবে না এবং উক্ত শিক্ষাগত যোগ্যতার বাইরে কেউ আবেদনের যোগ্য বিবেচিত হবে না।

১৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রয়োজনবোধে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং এ শিক্ষানবিশ নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ/আংশিক বাতিলের অধিকার সংরক্ষণ করে।

১৮. ইতঃপূর্বে এ প্রতিষ্ঠানের ২২.০১.২০২৫ খ্রি. তারিখের ৩৬.০১.৬৮৬৩.৭৩৬.০৭.০০৫.২৫/১৪১০ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৮/৩/২০২৫

(দিল আফরোজা আক্তার)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
নির্বাহী পরিচালকের পক্ষে
টিআইসিআই, পলাশ, নরসিংদী।

বিসিআইসি-৩৫৯
তাং ১৮/০৩/২৫

GC-105/25 (20"x4)

ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ
TRAINING INSTITUTE FOR CHEMICAL INDUSTRIES
(Central Training Institute of Bangladesh Chemical Industries Corporation)

সূত্র নং-৩৬.০১.৬৮৬৩.৭৩৬.০৭.০০৫.২৫/১০৪ তারিখ: ১৮.০৩.২০২৫খ্রি.

## অনলাইনে চাকুরীর আবেদন ফরম পূরণের নিয়মাবলী ও অন্যান্য তথ্য

দেশ-বিদেশে ভারী শিল্প প্রতিষ্ঠানের জন্য দক্ষ জনশক্তি গড়ে তোলার উদ্দেশ্যে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) এ প্রশিক্ষণের জন্য ভারী শিল্প কারখানার কাজের উপযোগী **শিক্ষানবিশ** গ্রেড-২ নিয়োগের নিমিত্তে সূত্র নং- ৩৬.০১.৬৮৬৩.৭৩৬.০৭.০০৫.২৫/১০৩, তারিখ ১৮.০৩.২০২৫ খ্রি.তারিখে প্রকাশিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে বাংলাদেশের **স্থায়ী অবিবাহিত পুরুষ** নাগরিকদের নিকট হতে **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি (মোট ২২ টি অনুচ্ছেদ) নিম্নরূপঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ | তথ্য প্রস্তুতঃ | | অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে যে সকল তথ্য প্রয়োজন হবেঃ ইংরেজিতে (বর্তমান ও স্থায়ী) ঠিকানা, উপজেলা, পোস্ট কোড, SSC ও HSC/সমমান রোল নং, জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে) অত্যাবশ্যক। |
| ২ | ছবি ও স্বাক্ষর প্রস্তুতঃ | | অন-লাইনে আবেদন ফরম পূরনের পূর্বেই প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে প্রস্তুত করে রাখলে আবেদনের সময় বিশেষ সুবিধা পাওয়া যাবে। |
| ৩ | Web Address: | | পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক http://tici.teletalk.com.bd এই ওয়েবসাইটে Log in করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। |
| ৪ | আবেদনের সময়সীমাঃ | i. | Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৪ মার্চ, ২০২৫খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকা থেকে অনলাইনে নিয়মাবলী অনুসরণ করে আবেদন ফরম পূরণ করা যাবে। |
| | | ii. | Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২০ এপ্রিল, ২০২৫খ্রি. তারিখ রাত ১২.০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি (০৭ নং এ বর্ণিত অনুযায়ী) জমা দিতে পারবেন। |
| | | iii. | অনিবার্য কারণবশতঃ সময় পরিবর্তন হলে www.bcic.gov.bd এবং টিআইসিআই এর ওয়েবসাইট www.tici.gov.bd এ বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে। |
| ৫ | আবেদন ফরম পূরণ ও সতর্কীকরণঃ | | ওয়েবসাইটে Log in করার পর আবেদন ফরম দৃশ্যমান হলে ফরমে দৃশ্যমান ঘরগুলি নির্ভুলভাবে পূরণ করবেন। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। যেকোন প্রকার ভুলের জন্য প্রার্থী নিজে দায়ী থাকবেন। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। প্রার্থী যে মোবাইল নম্বরে সকল তথ্য পেতে ইচ্ছুক অন-লাইন আবেদনপত্রে ঐ মোবাইল নম্বর ব্যবহার করবেন। |
| ৬ | আবেদনফরমে ভুল তথ্য থাকা সত্ত্বেও Submit করে ফেললে করণীয়ঃ | | আবেদন Submit করার পর এবং SMS-এ পরীক্ষার ফি জমা দানের পূর্বে কোন তথ্য ভুল ধরা পড়লে টাকা না পাঠিয়ে ৭২ ঘন্টা পর আবেদন করার যথেষ্ট সময় থাকা সাপেক্ষে নতুন করে পুনরায় আবেদন করতে পারবেন। |
| ৭ | পরীক্ষার ফি প্রদানের জন্য SMS-প্রেরণের নিয়মাবলীঃ | | Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি নির্দিষ্ট সময়ের মধ্যে জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। |

| | | | |
|---|---|---|---|
| | | | [SMS পাঠানোর পূর্বে টেলিটক নম্বরটির Balance চেক করে নিন।<br>প্রথম SMS : TICI<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।<br>Example: TICI ABCDEF<br>দ্বিতীয় SMS : TICI<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।<br>Example: TICI YES 123456 |
| ৮ | User ID, PIN, Password সংরক্ষণঃ | | সফল ভাবে SMS Send হলে Teletalk বাংলাদেশ লিমিটেড কর্তৃক SMS এর মাধ্যমে প্রার্থীর মোবাইল নম্বরে প্রার্থীকে পরীক্ষার ফি জমাদানের confirmation জানিয়ে প্রার্থীকে User ID এবং Password প্রদান করা হবে। User ID এবং Password যত্ন সহকারে সংরক্ষণ করবেন। |
| ৯ | User ID, PIN, Password হারিয়ে গেলে করণীয়ঃ | | শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। |
| | | i. | User ID জানা থাকলে<br>TICI<space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: TICI Help User ABCDEF & send to 16222 |
| | | ii | PIN Number জানা থাকলে<br>TICI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. Example: TICI Help PIN 12345678 & send to 16222. |
| ১০ | Admit Card Download সংক্রান্ত SMS: | | প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://tici.teletalk.com.bd অথবা, টিআইসিআই এর ওয়েব সাইট www.tici.gov.bd অথবা বিসিআইসি'র ওয়েব সাইট www.bcic.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে জানানো হবে। যেহেতু Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। |
| ১১ | Admit Card (Download ও প্রিন্ট): | | User ID এবং Password ব্যবহার করে Teletalk BD. Ltd. এর Web Address: http://tici.teletalk.com.bd হতে প্রার্থী Admit Card সংগ্রহ করতে পারবেন। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী online application form এর প্রথম Page এ Admit Card মেনুতে পূর্বে প্রাপ্ত এবং সংরক্ষিত User ID এবং Password প্রদান করলে রোল নম্বর, পদের নাম, ছবি ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। |
| ১২ | লিখিত পরীক্ষার সময় ও আসন বিন্যাসঃ | | Admit Card-এ উল্লিখিত রোল/রেজিস্ট্রেশন অনুসারে আসন বিন্যাস বিসিআইসি'র ওয়েব সাইট www.bcic.gov.bd এবং টিআইসিআই এর ওয়েব সাইট www.tici.gov.bd এ পাওয়া যাবে। সেক্ষেত্রে প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে পরীক্ষার সময় ও আসন বিন্যাস যথাসময়ে জানানো হবে। |
| ১৩ | লিখিত পরীক্ষা বিষয়ক সতর্কতাঃ | | ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন। পরীক্ষায় নকল, প্রক্সি বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ১৪ | লিখিত পরীক্ষার ফলাফলঃ | | লিখিত পরীক্ষার ফলাফল রোল নম্বরের ক্রমানুসারে প্রকাশিত হবে, মেধানুযায়ী নয়। ফলাফল বিসিআইসি'র ওয়েব সাইট www.bcic.gov.bd এবং টিআইসিআই এর ওয়েব সাইট www.tici.gov.bd এ পাওয়া যাবে। |
| ১৫ | হার্ডকপি, ডকুমেন্ট ও ছবি প্রেরণ(ছবি ও সকল ডকুমেন্ট সত্যায়িত হতে হবে): | | লিখিত পরীক্ষার ভিত্তিতে পরবর্তী ধাপ/ধাপসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের নিয়োগ বিজ্ঞপ্তির ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটায় দাবীদার প্রার্থীদের ক্ষেত্রে নিচের ১৬ ও ১৭ অনুচ্ছেদ অনুসরণ করে অতিরিক্ত কাগজ জমা দিতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান কোটায় আবেদনের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়ঃ | i. | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান কোটায় নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের এ বিষয়ে দাখিলকৃত সনদ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সঠিক মর্মে প্রত্যয়নপত্র প্রাপ্তির পর শিক্ষানবিশ গ্রেড-২ হিসেবে নির্বাচিত হবে। |
| | | ii. | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসেবে চাকুরি প্রার্থীকে চাকুরীর আবেদনপত্রের সহিত তাদের পিতার/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। |
| | | iii. | আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপিসহ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান কোটায় নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের এ বিষয়ে দাখিলকৃত সনদ সঠিক মর্মে প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রত্যায়নপত্র প্রাপ্তির পর নিয়োগপত্র প্রদান করা হবে। মুক্তিযোদ্ধা কোটায় চাকরি দাবিদার সকল প্রার্থীকে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের নিম্নে প্রদত্ত নির্ধারিত ছক আলাদা কাগজে পূরণ করে আবেদন পত্রের সাথে পাঠাতে হবে। |
| | | iv. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ছক |

| ক্রম | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মুক্তিযোদ্ধার নাম | | |
| (২) | পিতার নাম | | |
| (৩) | উপজেলা/ জেলার নাম | | |
| (৪) | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম তারিখ/ জন্ম সনদ | | |
| (৫) | মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ | | |
| (৬) | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | | |
| (৭) | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | | |
| (৮) | মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | | |
| (৯) | বামুস সনদ নম্বর ও তারিখ | | |
| (১০) | মুক্তিযোদ্ধার উত্তরাধিকার সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদ | | |
| (১১) | ভারতীয় তালিকার নম্বর ও কপি (যদি থাকে)। | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | উপজাতী প্রার্থীঃ | | প্রার্থী উপজাতী হলে উপজাতী মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| ১৮ | সত্যায়িতঃ | | প্রথম শ্রেণির গেজেটেড/সংস্থার ব্যবস্থাপক বা তদুর্ধ্ব পদের অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে। |
| ১৯ | যোগ্যতা যাচাইঃ | (ক) | প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| | | (খ) | যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না। |
| | | (গ) | কোন বিবাহিত ও প্রতিবন্ধী প্রার্থী আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না। |
| ২০ | মৌখিক/ফিটনেস পরীক্ষা গ্রহণঃ | | প্রার্থীদের মৌখিক/ফিটনেস পরীক্ষার সিডিউল বিসিআইসি'র ওয়েব সাইট www.bcic.gov.bd এবং টিআইসিআই এর ওয়েব সাইট www.tici.gov.bd এ পাওয়া যাবে। মৌখিক/ফিটনেস পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। |

| | | | |
|---|---|---|---|
| ২১ | চূড়ান্ত ফলাফলঃ | | চূড়ান্ত ফলাফল ক্রমানুসারে প্রকাশিত হবে, মেধানুযায়ী নয়। ফলাফল বিসিআইসি'র ওয়েব সাইট www.bcic.gov.bd এবং টিআইসিআই এর ওয়েব সাইট www.tici.gov.bd এ পাওয়া যাবে। |
| ২২ | বিবিধঃ | (ক) | পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিসিআইসি'র ওয়েব সাইট www.bcic.gov.bd এবং টিআইসিআই এর ওয়েব সাইট www.tici.gov.bd এ পাওয়া যাবে। |
| | | (খ) | নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। |

২৮/০৩/২০২৪
(দিল আফরোজা আক্তার)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
নির্বাহী পরিচালকের পক্ষে
টিআইসিআই, পলাশ, নরসিংদী।